# গঙ্গাসাগরে স্পেশাল ট্রেন চালাবে রেল

**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** ২০১৮ সালের গঙ্গাসাগর মেলার জন্য শিয়ালদহ দক্ষিণ শাখায় শিয়ালদহ থেকে কাকদ্বীপ এবং নামখানা পর্যন্ত অতিরিক্ত চারজোড়া স্পেশাল ট্রেন চালাবে পূর্ব রেল।

পূর্ব রেলসূত্রে খবর ১২ জানুয়ারি থেকে ১৬ জানুয়ারি পর্যন্ত ট্রেনগুলি চলবে।

# রামরাজাতলা স্টেশনে ট্রেনে কাটা পড়ে মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বৃহস্পতিবার সকালে ট্রেনে কাটা পড়ে মৃত্যু হল এক ব্যক্তির। যার জেরে উত্তেজনা ছড়াল গোটা এলাকায় । ঘটনাটি ঘটেছে হাওড়া-খড়গপুর শাখার দক্ষিণ-পূর্ব রেলের রামরাজাতলা স্টেশনে। জানা গিয়েছে, এদিন সকালে হাওড়া থেকে একটি লোকাল ট্রেন কারশেডের উদ্দেশ্যে যাচ্ছিল, সেই সময় এক মাঝবয়সি ব্যক্তি রেললাইন পার হওয়ার সময় দুর্ঘটনার কবলে পড়েন। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার। বৃহস্পতিবার সকাল ৮টা ৪০ মিনিট নাগাদ ঘটনাটি ঘটে। মৃত ব্যক্তির নাম পরিচয় পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শীদের কথায় অনেকেই লাইন পার হতে বারণ করেছিলেন তাঁকে। কিন্তু তিনি কথা শোনেন নি। অনেকে বলেছেন মৃত ব্যক্তি রাজমিস্ত্রির কাজ করতেন।

## সুডোকু মেলাও

## বুদ্ধি বাড়াও

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | 2 | | 4 |
| 5 | | | 2 | | | 9 | 1 | |
| | 3 | | 8 | | 9 | | | |
| | | | | 4 | 1 | | 9 | |
| 8 | 5 | | | | | | 6 | 1 |
| | 9 | | 3 | 8 | | | | |
| | | | 6 | | 8 | | 3 | |
| | 8 | 3 | | | 5 | | | 2 |
| 7 | | 1 | | | | | | |

## গতকালের সমাধান

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| 3 | 2 | 5 | 4 | 9 | 1 | 8 | 6 | 7 |
| 8 | 1 | 7 | 3 | 2 | 6 | 9 | 5 | 4 |
| 4 | 9 | 6 | 5 | 8 | 7 | 1 | 3 | 2 |
| 7 | 8 | 1 | 9 | 5 | 4 | 3 | 2 | 6 |
| 2 | 5 | 9 | 6 | 7 | 3 | 4 | 8 | 1 |
| 6 | 4 | 3 | 8 | 1 | 2 | 7 | 9 | 5 |
| 1 | 3 | 2 | 7 | 6 | 9 | 5 | 4 | 8 |
| 9 | 6 | 8 | 1 | 4 | 5 | 2 | 7 | 3 |
| 5 | 7 | 4 | 2 | 3 | 8 | 6 | 1 | 9 |

## আবহাওয়া

**পূর্বাভাস:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৪ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬৬ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫:১০**জোয়ার:**সকাল: ১০:২০। **ভাঁটা:** বিকেল : ৫:৪৭।

**— সমাধানের নিয়ম —**

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

## বিজ্ঞপ্তি

*এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।*

*- সম্পাদক*

## মুদ্রা বিনিময় হার

**RBI REFERENCE RATE**

| | |
|---|---|
| INR / 1 USD | 63.7364 |
| INR / 1 Euro | 76.1395 |
| INR / 100 Jap. YEN | 57.0300 |
| INR /1 Pound Sterling | 86.0123 |

**শেয়ারসূচক**

| | | |
|---|---|---|
| BSE | 34,503.49 ▲ | (+70.42) |
| NIFTY | 10,651.20 ▲ | (+19.00) |

## শব্দলিপি- ১০৮২



অমর কোলে

**পাশাপাশি :** ১। নিমেষ ৩। কন্যা ৫। মনস্তাপ ৭। পাখার হাওয়া ৮। মনের বন্ধুত্ব ৯। রোজনামচা ১১। মর ১২। বাগান

**উপরনীচ :** ১। উৎসবে প্রদত্ত পারিতোষিক ২। চুল কালো করতে লাগে ৩। একেবারে কপর্দকহীন ৪। বড়ো বড়ো ৬। পরিচর্যা ৭। সুন্দরপাতাযুক্ত গাছ ৯। অজগ্রাম ১০। তোষামুদে

**সমাধান : শব্দলিপি - ১০৮১**

**পাশাপাশি :** ১। আলাপ ৫। রোয়াব ৬। হায়রান ৭। শীকর ৯। পলল ১০। কর্মহীন ১২। কথিত ১৩। জজালক

**উপরনীচ :** ১। আলয় ২। পতনশীল ৩। সরোবর ৪। বপনানন্দন ৬। হালহকিকত ৮। কলকব্জা ৯। পলাতক ১১। হীরক

# হাওড়া আদালত চত্বরে যুবকের আত্মহত্যার চেষ্টা

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** হাওড়া আদালত চত্বরে মায়ের সামনে এক যুবক আত্মহত্যার চেষ্টা করল বৃহস্পতিবার দুপুরের ঘটনা। কমদগাছের ডালে মাফলার জড়িয়ে ঝুলে পড়ার চেষ্টা করল। লিলুয়ার চকপাড়ার বাসিন্দা প্রবীর মণ্ডল। এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়, পুলিশ ও পথচলতি। মানুষ ওই যুবককে উদ্ধার করে। মা ও ছেলে দু'জনকেই নিয়ে যাওয়া হয় থানায়। এরপর প্রাথমিক চিকিৎসা করানো হয়। বৃদ্ধা মাকে নিয়ে আদালতে এসেছিল প্রবীর। অভিযোগ, বড়দাদা অসীম মণ্ডল মা ও ভাইকে দেখে না। জোর করে সম্পত্তি হাতিয়ে নিচ্ছে। বৃদ্ধা মা অমৃতা মণ্ডল জানান, তাদের নির্যাতন করছে, খেতে দেয় না। শেষে বড় ছেলের থেকে খোরপোশ পাওয়ার জন্য মামলা করেন। সেই মামলা চলছিল দীর্ঘদিন ধরে। এরপর মেজাজ হারিয়ে ফেলে প্রবীর। তার রোজগার নেই, কীভাবে অসুস্থ মাকে নিয়ে সংসার চালাবে। তাই নিজেকে ঠিক রাখতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে প্রবীর। হাওড়া থানার পুলিশ মা ও ছেলেকে বাড়ি ফিরে যাওয়ার ব্যবস্থা করে ও তাঁদের পাশে থাকার আশ্বাস দেয়।

## ভাগ্যলিপি

**মেষ**

পুরনো কোন বন্ধুর সঙ্গে সাক্ষাত হতে পারে আজ। সৃজন কাজের সঙ্গে যুক্ত হতে পারেন।

**বৃষ**

প্রত্যেকদিনের কাজের তালিকা থেকে আপনি কিছুটা হলেও ছাড় পেতে পারেন।

**মিথুন**

একটা ভালোদিন আজ অপেক্ষা করছে। যোগাযোগের ক্ষেত্রে উন্নতি হতে পারে।

**কর্কট**

যে সুযোগ আপনার কাছে এসেছে, তাকে কাজে লাগানোর চেষ্টা করুন।

**সিংহ**

সর্বমেয়াদী লাভের সম্ভাবনা রয়েছে। ব্যবসায়ে বড় লেনদেন হতে পারে। সেইমত সিদ্ধান্ত গ্রহণ করুন।

**কন্যা**

আজ আপনার ক্ষমতা ও আর্থিক শ্রীবৃদ্ধি পাবে। অর্থনৈতিক অগ্রগতি সম্ভাবনা রয়েছে।

**তুলা**

মানসিকভাবে যে চাপ ছিল আপানার কাছে তা আজ কাটিয়ে উঠতে পারবেন। পরিবারের সদস্যদের নিয়ে সমস্যার সমাধান হবে।

**বৃশ্চিক**

লক্ষে পৌঁছান অসম্ভব হয়ে পড়বে। মানুষ আপনার সমালোচনায় মুখর হবে।

**ধনু**

আপনার দায়িত্ব বৃদ্ধি পাবে। পরিবারের সমস্ত সদস্যদের নিয়ে এগিয়ে চলার চেষ্টা করুন।

**মকর**

উত্তেজিত হবেন না। ঠাণ্ডা মাথায় লক্ষ্য পূরণের চেষ্টা করুন, তা না হলে সমস্যায় পড়তে পারেন।

**কুম্ভ**

সহযোগীতার মনভাব নিয়ে কাজ করুন। অযথা চিন্তিত্ব হবেন না।

**মীন**

খোলা মনে যে কোনও জায়গা যেতে পারেন। ব্যবসায়ে উন্নতি হবে।

# সাগরে পুন্যস্নানের কাউন্ট-ডাউন শুরু

**নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ :** মকর সংক্রান্তির পুণ্যস্নানের মাহেন্দ্রক্ষণের সময় আর মাত্র কয়েক ঘণ্টার অপেক্ষা। তৈরি সর্বস্তরের প্রশাসন। মুড়িগঙ্গা নদীতে সেনা বাহিনীরর টহলও শুরু হয়ে গেছে। লট নম্বর-৮ এবং চার নম্বর জেটিতে ভেসেলে ওঠার লম্বা লাইন। গঙ্গা সাগরের সমুদ্রতটে যারা স্নান করছেন তাদের দিকে নজর রাখছে সেনা বাহিনীর ওভার ক্রাফট। মুড়িগঙ্গার পলির জন্য ভেসেল কিছু সময় বন্ধ থাকার কারণে নামখানা হয়ে বেনুবন লঞ্চে তীর্থ যাত্রীদের পাঠানো হচ্ছে।

মুখ্যমন্ত্রীর নির্দেশে লট নম্বর-৮ এবং কচুবেড়িয়াতে যথাক্রমে সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা এবং সংখ্যা লঘু উন্নয়নদফতের মন্ত্রী গিয়াসুদ্দিন মোল্লা দায়িত্ব সামলাচ্ছেন। রয়েছেন সরকারি আধিকারিকরা।

# নবাসনে ৫৭তম বর্ষপূর্তি উৎসব

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** হাওড়া জেলার বাগনান থানার নবাসনে বৃহস্পতিবার থেকে ২ দিন ব্যাপী আনন্দ নিকেতনের আয়োজনে ৫৭ তম বর্ষপূর্তি উৎসব বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে প্রভাতফেরির মধ্য দিয়ে শুরু হয়েছে। আনন্দ নিকেতনের প্রতিষ্ঠাতা প্রয়াত সমাজসংঠক অমলকুমার গাঙ্গুলির ও কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে। শ্রদ্ধা নিবেদন করে মাল্য দান করা হয়।

এছাড়া ভারতের জাতীয় পতাকা ও আনন্দ নিকেতনের পতাকা উত্তোলন, উৎসব ও প্রদর্শনীর উদ্বোধন, আনন্দ নিকেতনের স্মরণিকা আনন্দম প্রকাশ, আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

সার্ধশতবর্ষের আলোকে ভগিনী নিবেদিতা, প্রবীণ ও নবীন প্রতিভাবান শিল্পী সমন্বয়ে সংগীত, নৃত্য, আবৃত্তি ও শ্রুতিনাটক, অঙ্কন ও আল্পনা প্রতিযোগিতা হয়। বিশেষ আকর্ষণ পরিচ্ছন্নতা ও ছাত্র সমাজ এবং শতবর্ষের আলোকে আনন্দ নিকেতনের প্রতিষ্ঠাতা ও আজীবন সম্পাদক অমলকুমার গাঙ্গুলির স্মরণীয় ভূমিকার কথা আলোচনা হবে। ২দিনের অনুষ্ঠানে উপস্থিত থাকবেন নানা ধরনের জনপ্রতিনিধি ও সরকারি আধিকারিক, সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্টজনেরা বলে জানিয়েছেন আনন্দ নিকেতনের সাধারণ সম্পাদক শ্রীকান্ত সরকার মানি।

আনন্দ নিকেতনের সভাপতি ও উৎসব কমিটির সভাপতি হিরন্ময় দত্ত ও সৌমেন্দ্রনাথ ঘোষ প্রমুখ অনুষ্ঠান পরিচালনা করবেন। আনন্দ নিকেতনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও বাগনান বিধানসভার বিধায়ক অরুণাভ সেন (রাজা) বলেছেন, এই উৎসবের আমেজে মেতে উঠবে এলাকার লক্ষাধিক জনতা।

*আজ থেকে শুরু হল মহাকাশ পর্যবেক্ষণ যন্ত্র (স্কাইওয়াচার) প্রথম প্রর্দশনী গগনেন্দ্র প্রদর্শন শালা কেন্দ্রে। বিভিন্ন স্কুলের পড়ুয়ারা প্রর্দশনী দেখতে আসে।*

# বাড়ির সামনে মদের আসরের প্রতিবাদে আক্রান্ত যুবক

**নিজস্ব সংবাদদাতা, চাকদা :** বাড়ির সামনে রোজ বসত মদের আসর। প্রতিবাদ করায় জুটল বেধড়ক মার। পুড়িয়ে মারার চেষ্টাও করা হয়। ঘটনা নদিয়ার চাকদার গোড়পাড়ার। গুরুতর জখম অবস্থায় হাসপাতালে ভর্তি প্রতিবাদী যুবক। অভিযুক্তরা পলাতক।

নদিয়ার চাকদার গোড়পাড়া রাধাকৃষ্ণ কলোনির বাসিন্দা শান্তনুর বাড়ির সামনে মদের আসর বসত। এর আগে একাধিকবার এর প্রতিবাদ করেছিল শান্তনু। বুধবার রাতে তারা সেখানে ফের মদের আসর বসায়। শান্তনু প্রতিবাদ করলে তারা হুমকি দেয় তাঁকে। শান্তনু আর কিছু না বলে বাড়ি চলে যায়। এর কিছুক্ষণ পরই ওই দুই যুবক শান্তনুর বাড়িতে ঢোকে। তাঁকে জোর করে বাইরে বের করে উঠোনে ফেলে বেধড়ক মারধরের পর পেট্রোল ঢেলে পুড়িয়ে দেওয়ার চেষ্টা হয় বলে অভিযোগ। স্থানীয় সূত্রে জানা গেছে, সেইসময় শান্তনু বাড়িতে একাই ছিল। ঘটনার কথা জানতে পেরে স্থানীয়রাই গিয়ে তাকে উদ্ধার করে। প্রথমে চাকদা স্টেট জেনেরাল হাসপাতালে ভর্তি করা হয় শান্তনুকে। পরে তাকে কল্যাণী জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে স্থানান্তরিত করা হয়। অভিযোগ পেয়ে ঘটনার তদন্ত শুরু করেছে চাকদা থানার পুলিশ। তবে অভিযুক্তরা পলাতক। ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন এলাকার বাসিন্দারা।

# মোবাইল টাওয়ার বসানো নিয়ে বিক্ষোভ, অবরোধ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** মোবাইল টাওয়ার বসানো নিয়ে রণক্ষেত্র চেহারা নিল হাওড়ার বেলুড়। এর বিরুদ্ধে গর্জে উঠল বাসিন্দারা।

রীতিমতো তারা পথ অবরোধ করলেন। অবশেষে পুলিশি হস্তক্ষেপে অবরোধ ওঠে। ঠিক কী হয়েছিল? জানা গিয়েছে, বেলুড়ের ভজহরি চক্রবর্তী লেনের একটি বাড়ির ছাদে ৪জি মোবাইল টাওয়ার বসানো কেন্দ্র করে স্থানীয় মহিলা, ছাত্রীরা বিক্ষোভ, পথ অবরোধ করেন। দিন দুয়েক আগে ওই টাওয়ার বসানো নিয়ে বাড়ির মালিকের সঙ্গে স্থানীয় বাসিন্দাদের বিবাদ শুরু হয়।

ঘনজনবসতিপূর্ণ এলাকা এবং ৭০ মিটারের মধ্যে তিনটি স্কুল থাকায় সম্মীলিত প্রতিবাদ সত্ত্বেও, অভিযোগ, বাড়ির মালিক বাসিন্দাদের কোনও কথাই কানে তোলেননি।

এমনকী পুলিশের নিষেধ সত্ত্বেও কাজ জারি রাখে। ইতিমধ্যে বাসিন্দারা আদালত থেকে ১৪৪ ধারা জারির অর্ডার বেলুড় থানায় জমা দেয়। কাজ না হওয়ায় বৃহস্পতিবার দুপুর ১২টা নাগাদ এলাকার মহিলা, কচিকাঁচা এবং স্কুল ছাত্রীরা পথ অবরোধ করে।

অবশেষে পুলিশি হস্তক্ষেপ ও আশ্বাসে অবরোধ ওঠে। তবে যদি এরপরও বাড়ির মালিক নিজ সিদ্ধান্ত অনড় থাকেন তাহলে তাঁরা বৃহত্তর আন্দোলনের পথ বেছে নেবেন বলে জানিয়েছে বিক্ষোভকারীরা।

# ছাত্রী ভর্তি নিয়ে উত্তেজনা ছড়াল বারাসত কালীকৃষ্ণ বিদ্যালয়ে

**ছাত্রী ভর্তি নিয়ে উত্তেজনা ছড়াল বারাসত কালীকৃষ্ণ বিদ্যালয়ে**

**নিজস্ব সংবাদদাতা, বারাসত :** পঞ্চম শ্রেণিতে ভর্তি নিয়ে বৃহস্পতিবার উত্তেজনা ছড়াল উত্তর ২৪ পরগনার বারাসত কালীকৃষ্ণ বালিকা বিদ্যালয়ে। স্কুলে গেটের বাইরে বিক্ষোভ দেখান অভিভাবকারা। কালীকৃষ্ণ স্কুলের দিবাভাগের প্রধান শিক্ষিকা মৌসুমী সেনগুপ্ত স্কুলে ঢোকার সময়েও বিক্ষোভ দেখান অভিভাবিকারা উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হওয়ায় মোতায়েন করা হয় পুলিশ। টানা তিন ঘণ্টা এই অবস্থা চলার পর ছাত্রীর ভর্তির নোটিশ দেওয়ার পর স্কুলের প্রাথমিক বিভাগের অভিভাবকরা স্কুলের গেট ছাড়েন। স্কুলের একই চৌহদ্দির একদিকে প্রাথমিক থেকে চতুর্থ শ্রেণির ছাত্রীদের স্কুল। অন্যদিকে একই স্কুলের উচ্চ বালিকা বিদ্যালয়। এদিন স্কুলের ১৩১ জন স্কুল পড়ুয়াদের ভর্তি নিয়ে গোল পাকিয়েছে। ছাত্রীদের ভর্তি নিয়ে দুই স্কুল কর্তৃপক্ষের লড়াইয়ের জেরে ইতিমধ্যেই প্রাথমিক স্কুলের পড়ুয়াদের অভিভাবকরা তৈরি করেছেন শিক্ষানুরাগী অভিভাবক মঞ্চ। একই চৌহদ্দির মধ্যে থাকা প্রাথমিক বিভাগের ছাত্রছাত্রীদের ভর্তির প্রক্রিয়া ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে জেলার অন্যান্য স্কুলে। সেইদিক থেকে বারাসত কালীকৃষ্ণ উচ্চ বালিকা বিদ্যালয় ব্যতিক্রম। সরকারি নিয়ম মেনে প্রাথমিকে সাধারণ, তপসিল জাতি, উপজাতি সহ ওবিসি ছাত্রীদের লিস্ট প্রাথমিক বিভাগ থেকে পাঠানো হয়নি। এই ওজুহাতে পঞ্চম শ্রেণির ভর্তিও করতে নারাজ দিবাভাগের প্রধান শিক্ষিকা। এদিকে প্রাথমিকে ছাত্রীদের সকলেই ভর্তি প্রক্রিয়া শেষ করার দাবি নিয়ে এদিন কয়েকশো অভিভাবক এবং অভিভাবিকারা দিবাভাগের স্কুলের গেটে বিক্ষোভে শামিল হয়েছিলেন। বারাসত কালীকৃষ্ণ স্কুলের প্রধান শিক্ষিকা মৌসুমী সেনগুপ্ত জানান, সরকারের পরিষ্কার নির্দেশ অনুযায়ি প্রাথমিকে শতাংশ হারে কতজন সাধারণ, তপসিলি জাতি, উপজাতি সহ ওবিসি ছাত্রী আছে তার তালিকা প্রাথমিকের প্রধান শিক্ষক পাঠাননি। এর দায় আমার নয়। প্রাইমারির প্রধান শিক্ষককেই এর দায় নিতে হবে। প্রধান শিক্ষিকার এই অভিযোগ উড়িয়ে দিয়েছেন প্রধান শিক্ষক তপন চক্রবর্তী। তিনি জানান, উনি মিথ্যে কথা বলছেন। গত ১৯ ডিসেম্বর ক্যাটাগরিভাবে প্রাথমিকের ছাত্রীদের নামের তালিকা দেওয়া হয়েছে। প্রধান শিক্ষিকা রিসিভও করে দিয়েছেন। এই জটিল পরিস্থিতির মধ্যে পড়ে শিক্ষানুরাগী অভিভাবক মঞ্চের সভাপতি রবীন্দ্রনাথ ব্যানার্জী জানান, দিবাভাগের প্রধান শিক্ষিকার একবগ্গা নীতির জন্য প্রাথমিক ছাত্রীদের ভর্তি দেরী হচ্ছে। অনেক অভিভাবকদেরই মত, দুই স্কুলের প্রধান শিক্ষক এবং শিক্ষিকার ইগোর লড়াইতে ক্ষতি হচ্ছে ছাত্রীদের।

# গুলি করে খুনের চেষ্টা হাড়োয়ায়

**নিজস্ব সংবাদদাতা, হাড়োয়া :** এক ব্যক্তিকে গুলি করে খুনের চেষ্টার অভিযোগ উঠল উত্তর ২৪ পরগনার হাড়োয়ায়। সমীরণ পাত্র নামে মিনাখাঁর এক বাসিন্দাকে লক্ষ্য করে তিনটি গুলি চালায় বাইকে করে আসা দুই দুষ্কৃতী। কলকাতার হাসপাতালে ভর্তি গুলিবিদ্ধ ওই ব্যক্তি। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। বুধবার রাতে মিনাখাঁ থানার বগিরহুলার বাসিন্দা সমীরণবাবু ও তাঁর ভাই বাইকে করে বাড়ি ফিরছিলেন। অভিযোগ, সেই সময় হাড়োয়ার শ্যামলা বাজারের কাছে দুই দুষ্কৃতী তাঁদের পথ আটকায়। সমীরণবাবুকে বাইক থেকে নামিয়ে প্রথমে তাঁকে বন্দুকের বাট দিয়ে আঘাত করে। এই দেখে পিছন থেকে পালিয়ে যান সমীরণবাবুর ভাই। পরে সমীরণবাবুকে লক্ষ্য করে পরপর তিনটি গুলি করে দুষ্কতীরা। দু'টি গুলি গা ঘেঁষে বেরিয়ে গেলেও একটি তাঁর বুকে ডান দিকে লাগে। গুলির আওয়াজ শুনে এলাকাবাসীরা রাস্তায় বেরিয়ে এলে পালিয়ে যায় দুষ্কৃতীরা। স্থানীয়রাই সমীরণবাবুকে হাড়োয়া হাসপাতালে ভর্তি করেন। সেখানে প্রাথমিক চিকিৎসার পর কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয়। স্থানীয় সূত্রে খবর, জুয়া খেলতেন সমীরণবাবু। সেই কারণে অনেক টাকার দেনাও রয়েছে তাঁর। সেই সংক্রান্ত বিবাদের জেরেই খুনের চেষ্টা, নাকি অন্য কোনও কারণ, তা খতিয়ে দেখছে হাড়োয়া খানার পুলিশ।

# কান্দি মাস্টার প্ল্যান পরিদর্শনে অধীর

**নিজস্ব সংবাদদাতা, কান্দি :** কান্দি মাস্টার প্ল্যানের অন্তর্গত সেতুর কাজের গুণগত মান নিয়ে প্রশ্ন তুললেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি। প্রণব মুখোপাধ্যায় অর্থমন্ত্রী থাকাকালীন অনুমোদিত এই প্রকল্পের কাজ পরিদর্শনে কান্দি থানার আন্দুলিয়ায় যান অধীর। তিনি জানান, স্থানীয়রা সেতুর পরিকাঠামো নিয়ে প্রশ্ন তুলেছেন। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছেন তিনি। বুধবার আন্দুলিয়ায় মাস্টার প্ল্যানের কাজ খতিয়ে দেখার পর সাংবাদিকদের মুখোমুখি হন অধীর চৌধুরি। বলেন, 'প্রণব মুখোপাধ্যায় অর্থমন্ত্রী থাকাকালীন ৪৩৯ কোটি টাকা বরাদ্দ হয় মাস্টারপ্ল্যানের জন্য। তৎকালীন কংগ্রেস সরকার ওই এলাকায় তিনটি সেতু তৈরির অনুমোদন দেয়।

কান্দির মানুষ যাতে সহজে বাজারসৌতে পৌঁছে সেখান থেকে রেলপরিষেবা পেতে পারে এবং এখানকার তিনটি নদীতে বন্যা রোধ বা জলসেচ যাতে হয়, সেই উদ্দেশ্যেই এই মাস্টারপ্ল্যান। আরও বলেন, এতে এই এলাকার পরিকাঠামো উন্নত হবে। তাই এই মাস্টারপ্ল্যানের কাজ দেখতে এসেছিলাম। কাজ দেখে অধীরবাবু সেতুর পরিকাঠামো নিয়ে প্রশ্ন তোলেন। তিনি বলেন, স্থানীয়দের অভিযোগ, সেতু নির্মাণে মাটির থেকে বেশি বালি ব্যবহৃত হচ্ছে।

**CHANGE OF NAME**

I, PREVIOUSLY CALLED KAMALUDDIN S/O MD. YUNUS R/O, 17C, MOULANA MD. ALI ROAD P.S. EKBALPORE, KOLKATA-700023. HAVE CHANGED MY NAME AS DILABAR HOSSAIN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 11/01/2018

**CHANGE OF NAME**

I, SAIKA RAZZA D/O. LATE SEIKH ABDUL GAFFAR RESIDENT OF 20,PILKHANA 1ST LANE. HOWRAH-711101, W.B , SHALL HENCEFORTH BE KNOWN AS "SURNAME :RAZZA, GIVEN NAME : SAIKA " PREVIOUSLY CALLED SAIKA RAZZA VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 10/01/2018.

**CHANGE OF NAME**

I, SHADAB RAZZA D/O. LATE SEIKH ABDUL GAFFAR RESIDENT OF 20,PILKHANA 1ST LANE. HOWRAH-711101, W.B , SHALL HENCEFORTH BE KNOWN AS "SURNAME :RAZZA, GIVEN NAME: SHADAB "PREVIOUSLY CALLED SHADAB RAZZA VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 10/01/2018.

**CHANGE OF NAME**

I, ANWARI BEGUM W/O. LATE SEIKH ABDUL GAFFAR RESIDENT OF 20,PILKHANA 1ST LANE. HOWRAH-711101, W.B ,THAT MY MINOR SON'S NAME WAS CHANGE (NEW NAME) SURNAME : SHEKH ABDUL ,
GIVEN NAME : ZEESHAN ,FROM (PREVIOUSLY NAME) SHEKH ABDUL ZEESHAN VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 10/01/2018.